ঈশ্বরদীতে নির্বাচনী সহিংসতায় আহত আ.লীগ নেতার মৃত্যু

ঈশ্বরদী বাবুলচারা
উচ্চবিদ্যালয় ভোট কেন্দ্র

ঈশ্বরদী প্রতিনিধি : গত ২৮ মে অনুষ্ঠিত পঞ্চম ধাপের ইউনিয়ন পরিষদ নির্বাচনে ঈশ্বরদী উপজেলার বাবুলচারা কেন্দ্রে সৃষ্ট সহিংসতায় আহত আওয়ামী লীগ নেতা সিরাজুল ইসলাম (৪১) শনিবার (৪ জুন) সকাল নয়টায় রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন। তিনি অত্র এলাকার সাহাদত হোসেনের ছেলে।

মৃতের পারিবারিক সুত্র জানায়, গত ২৮ মে ইউনিয়ন পরিষদ নির্বাচন চলাকালে মোরগ মার্কা প্রতিকের মেম্মার প্রার্থী হাসেম ও ফুটবল মার্কা প্রতিকের মেম্বর প্রার্থী মিন্টুর সমর্থকদের মধ্যে ভোট কাটাকটি নিয়ে সহিংসতা বাধে ।

এসময় হাসেম ,মিন্টু ও সিরাজুল ইসলামসহ ১৫ জন আহত হয়। এদের মধ্যে সিরাজুলকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছিলো।